

# কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট জামে মসজিদ

দৌলতপুর, খুলনা।

## বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট জামে মসজিদের শূণ্য পদে একজন সুদক্ষ পেশ ইমাম নিয়োগ করা হবে। বিধায় আগ্রহী প্রার্থীদের নিকট হতে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিম্নস্বাক্ষরকারীর বরাবর আগামী ০৮/১২/২০১৯খিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে দরখাস্ত আহবান করা যাচ্ছে। সকল আবেদন পত্র রেজিস্ট্রিকৃত ডাকযোগে প্রেরণ করতে হবে। সরাসরি বা নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত কোন আবেদন পত্র গ্রহণযোগ্য হবে না।

### শর্তাবলীঃ

- ১। প্রার্থীকে অবশ্যই কোরআনে হাফেজ হতে হবে এবং কামিল/দাওরায়ে হাদীস পাশ হতে হবে। মাস্টার্স ডিগ্রী হলে অগ্রাধিকার পাবেন।
- ২। প্রার্থীকে অবশ্যই খতমে তারাবী এবং ফজর নামাজ বাদ কোরআন এর ধারাবাহিক তাফসিরের যোগ্যতা সম্পন্ন হতে হবে।
- ৩। ইমামতিতে কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
- ৪। বিশেষ অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।
- ৫। বেতন আলোচনা সাপেক্ষে।
- ৬। সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি সত্যায়িত ছবি/চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদেয় নাগরিক সনদ পত্র (মূলকপি), প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদেয় চারিত্রিক সনদ পত্র (মূলকপি)/ জাতীয় পরিচয় পত্র এবং সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সত্যায়িত সনদ পত্র আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ৭। এটিআই জামে মসজিদের ইমাম-এর জন্য নির্ধারিত বাসায় অবস্থান করতে হবে।
- ৮। আবেদন পত্রে (ক) নাম, (খ) পিতার নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) বয়স ও জন্ম তারিখ (ছ) শিক্ষাগত যোগ্যতা, (জ) অভিজ্ঞতা এবং ফোন অথবা মোবাইল নম্বর (যদি থাকে) উল্লেখ করতে হবে।
- ৯। আবেদনকারীকে আগামী ১০/১২/২০১৯ তারিখে সংশ্লিষ্ট মূল কাগজ পত্রাদিসহ মৌখিক পরীক্ষায় হাজির হতে হবে।

স্বা/-(এস. এম. ফেরদৌস)

অধ্যক্ষ ও সভাপতি

কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট জামে মসজিদ  
দৌলতপুর, খুলনা।

স্মারক নং- ৩৭২০/৩(৫০)

তারিখঃ- ২০.১১.২০১৯

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ প্রেরণ করা হলোঃ

- ১। জনাব.....সহ-সভাপতি/সদস্য, কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট জামে মসজিদ কমিটি/স্থানীয় গণ্যমান্য ব্যক্তি/সমাজ সেবক, দৌলতপুর, খুলনা।
- ২। সম্পাদক, .....খুলনা। বহুল প্রচারের লক্ষ্যে আপনার পত্রিকায় ১ (এক) দিনের জন্য প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো। উল্লেখ্য বিজ্ঞপ্তি প্রকাশের পর বিল দাখিল সাপেক্ষে পরিশোধ করা হবে।
- ৩। মোয়াজ্জিন/খাদেম, কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট জামে মসজিদ, দৌলতপুর, খুলনা।
- ৪। নোটিশ বোর্ড, অফিস/ছাত্রাবাস, কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট, দৌলতপুর, খুলনা।
- ৫। অফিস নথি।

(এস. এম. ফেরদৌস)

অধ্যক্ষ ও সভাপতি

ফোন নং-০৪১-৭৭৪১২৭।